# মাঠ পর্যায়ে সরেজমিন পরিদর্শন প্রতিবেদন

অফিস আদেশ নং ৩২.০১.০০০০.০০১.১৬.৪৫০.২৪-৮৭৮ তাং ০২/১০/২০২৪ এর আদেশ অনুযায়ী ১৩.০১.৩২০২৫ তারিখ নিম্নস্বাক্ষরকারী কর্তৃক উপপরিচালকের কার্যালয়, পটুয়াখালী সরেজমিনে পরিদর্শন করা। পরিদর্শনকালে উপপরিচালক (অতিঃ দাঃ), ২ জন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

| | | | |
|---|---|---|---|
| পরিদর্শনকারী কর্মকর্তার নাম | | : | আল আমিন ভূঞা, সহকারী পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। |
| পরিদর্শনের স্থান | | : | পটুয়াখালী জেলা ও জেলাধীন কলাপাড়া উপজেলা। |
| ১. | অফিসের অবস্থান | : | উপপরিচালকের কার্যালয়টি জেলার প্রাণক্রেন্দ্র সার্কিট হাউজের নিকটে চৌরাস্তার এক পাশ্বে সুন্দর পরিবেশে অবস্থিত দ্বি-তল বিশিষ্ট একটি পুরোনা বাড়ি। এটি একটি ভাড়া বাড়ি। নীচ তলায় ১টি কক্ষে এবং পাশ্ববর্তী আরো ২টি কক্ষে "জীবিকায়নের" ৫টি ট্রেডে দিনের ভিন্ন ভিন্ন সময়ে সকাল ১০ টা থেকে বিকেল ০১ টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হয়। |
| | মতব্য/সুপারিশ | : | নিজস্ব অফিস ভবন প্রয়োজন। |
| ২. | জনবল | : | কর্মরত ৭ জন, শুণ্য পদ ৭টি ও ২জন পিআরএল গমন করেন। |
| | মতব্য/সুপারিশ | : | শূন্য পদে জনবল নিয়োগ দেওয়া প্রয়োজন। |
| ৩. | আসবাপত্র ও অফিস সরঞ্জাম | : | প্রয়োজনীয় সংখক অফিস সরঞ্জাম রয়েছে। কোন কোন রুমে বেশী বেশী ফার্নিচার দেখা যায়। |
| | মতব্য/সুপারিশ | : | কিছু পুরাতন ফার্ণিচার নিলামে বিক্রয় করা হলে অফিসের সৌন্দর্য বৃদ্ধি পাবে। |
| ৪. | রেজিস্টার | : | অর্থ ও অন্যান্য রেজিস্টার যেমন- বাজেট, ক্যাশ, বিল, ডেসপাস, স্টক, আয়কর, অডিট, নোটিশ, রোস্টার ইত্যাদি প্রায় সকল রেজিস্টার যথাযথভাবে পারিপালন সংরক্ষণ করা হয়। |
| ৫. | অডিট | : | অডিট আপিত্তি নেই। |
| ৬. | বাল্য বিবাহ প্রতিরোধ | : | জানুয়ারি ২০২৪ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ৪০টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে এবং বিভিন্ন পর্যায়ে ৯২টি সভা করা হয়েছে। |
| ৭. | মামলা | : | ১ জন কর্মচারী, জনাব মো: ইখতিয়ার উদ্দিন, হিসাবরক্ষক কাম উচ্চমান সহকারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান। |
| | | : | মামলার সরেজমিন তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। শীঘ্রই মামলাটি নিস্পত্তি হতে পারে। |
| ৮. | সমিতি | : | নিবন্ধিত সক্রিয় সমিতি ৩০৩ টি, নিষ্ক্রিয় সমিতি ১৭৫টি, চলতি বছরে কোন সমিতি নিবন্ধি হয়নি। নবায়ন করা হয়েছে ১৪৬টি। সমিতিসমূহ নিয়মিতপরিদর্শন করা হয় মর্মে জানা যায়। |
| | মতব্য/সুপারিশ | | জেলা শহরে অবস্থিত অনির্বাণ সমাজ উন্নয়ন সংস্থা নামের একটি সক্রিয় সমিতি পরিদর্শন করা হয়ছে। সমিতির কার্যক্রম সন্তোষজনক। |
| ৯. | ভিডব্লিওবি কার্যক্রম | : | ডিসেম্বর ২৪ পর্যন্ত খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হয়ছে। নতুন চক্রের কার্যক্রম এখনও শুরু হয়নি |
| ১০. | ক্ষুদ্রঋণ কার্যক্রম | : | চলতি বছরে ৭,২৪,৪৬৯/- (সাতলক্ষ চব্বিশ হাজার চারশত উনসত্তর)টাকা। মোট ১৩০ টি খেলাপী ঋণ রয়েছে, যার টাকার পরিমান ৬২৯৯২৫/- (ছয় লক্ষ  উনত্রিশ হাজার নয়শত পঁচিশ) টাকা। |
| | মতব্য/সুপারিশ | : | জনবল সংকটের জন্য ঋণ আদায়ে সমস্যা হচ্ছে। ফলে খেলাপী ঋণ বেড়ে যাচ্ছে। |
| ১১. | কিশোর কিশোরী ক্লাব | : | মোট ক্লাবের সংখ্যা ৭৯টি, সদস্য সংখ্যা ২৩৭০ জন। |
| ১২. | কলাপাড়া উপজেলা পরিদর্শন<br>তারিখ : ১৫/০১/২৫ | : | ১) মোট জনবল ২ জন।<br>২) কলাপাড়া উপজেলা কমপ্লেক্স ভবনের ৩য় তলায় ১টি কক্ষে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় রয়েছে। তবে  উপজেলা কমপ্লেক্স ভবনের পাশে নিজস্ব ৫ কাঠা জায়গায় জির্ণ টিনশেড ভবন রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম ও অন্যান্য কার্যক্রম এখান থেকে পরিচালিত হয়। উপকারভোগীগণ উপজেলা কমপ্লেক্স ভবনের ৩য় কলার কক্ষে যেতে রাজি হয় না। উপজেলার অন্যান্য কার্যক্রম যথাযথ ভাবে চলমান।<br>৩) অর্থ ও অন্যান্য রেজিস্টার যেমন বাজেট, ক্যাশ, বিল, ডেসপাস, স্টক, আয়কর, অডিট, নোটিশ, রোস্টার ইত্যাদি প্রায় সকল রেজিস্টার  যথাযথভাবে পারিপালন করা হয়।<br>৪) মোট ভিডব্লিওবি উপকার ভোগীর সংখ্যা ৩৬৮৯ জন।<br>৫) চলতি অর্থ বছরও ক্ষুদ্রঋণের পরিমান ৩০০০০/- স্থিতি ৮৩০০/- খেলাপী ঋণ ৭৬টি<br>খেলাপী ঋণের পরিমান: ৬,৩২,৭০০/- টাকা |
| | মতব্য/সুপারিশ | : | উপজেলার প্রায় সকল দপ্তরের নিজস্ব সুন্দর ভবন রয়েছে। অত্র দপ্তরের নিজস্ব জির্ণ টিনশেড ভবনটি ২ তলায় উন্নিত করার যায়। আপাতত জরুরী মেরামত করা দরকার। ৩য় তলায় অফিস হওয়ায় উপকারভোগীদের সমস্যা হচ্ছে। ২ তলা বিশিষ্ট স্থাপনা হলে একটি আদর্শ অফিস ভবন হবে। |
| ১৩. | অন্যান্য | : | জেলা ও উপজেলায় বিভিন্ন সভা, উঠান বৈঠক ও দিবসসমূহ নিয়মিত অনুষ্ঠিত হয়। |

(স্বাক্ষর) ১২/০১/২৫

আল আমিন ভূঞা
সহকারী পরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।